

সংশোধিত বিজ্ঞপ্তি

স্মারক নং- ৮০.০০.০০০০.১১১.১১.০০৩.২০১৭(অংশ-২)/২৬২

তারিখ : ১২ জুলাই ২০১৮

বিষয় : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক(রিপোর্টিং), প্রডিউসার, কমিটি অফিসার ও ক্যামেরাম্যান (৯ম গ্রেড)এর শূন্য পদে সরাসরি নিয়োগের লিখিত পরীক্ষার সংশোধিত ফলাফল।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক(রিপোর্টিং), প্রডিউসার, কমিটি অফিসার ও ক্যামেরাম্যান (৯ম গ্রেড)এর শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে বিগত ৩০ জুলাই ২০১৭ তারিখে ৫৪, ৫৬, ৫৭, ৫৮ নং নিয়োগ বিজ্ঞপ্তি অনলাইনে জারি করা হয়। এ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রার্থীদের লিখিত পরীক্ষা গত ২০ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। ৪ ক্যাটাগরি পদে লিখিত পরীক্ষার ফলাফল ১৭ এপ্রিল ২০১৮ তারিখে ৬৯ নং স্মারকের বিজ্ঞপ্তিতে প্রকাশিত হয়।

০২. লিখিত পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত ০৮.০১.২০১৮ তারিখের ০৯ নং বিজ্ঞপ্তির ২নং অনুচ্ছেদের শর্তমতে একজন প্রার্থী একাধিক পদের প্রার্থী হলে নির্ধারিত যোগ্যতা থাকা এবং লিখিত পরীক্ষা অংশগ্রহণ সাপেক্ষে তিনি আবেদনকৃত সকল পদের জন্য যোগ্য বিবেচিত হবেন। উক্ত শর্তমতে ক্যামেরাম্যান পদের রেজিস্ট্রেশন নম্বর - ৩০০০২০ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হন যা ১৭.০৪.২০১৮ তারিখে প্রকাশিত হয়। লিখিত পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত ০৮.০১.২০১৮ তারিখের ০৯ নং বিজ্ঞপ্তির ২নং অনুচ্ছেদ অনুযায়ী উক্ত প্রার্থী সহকারী পরিচালক (রিপোর্টিং) পদের রেজিস্ট্রেশন নম্বর- ৩০০০৬৯ লিখিত পরীক্ষায়ও উত্তীর্ণ হয়েছেন।


০৩. লিখিত পরীক্ষার ফলাফল কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট ও কর্ম কমিশনের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৪. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে ও জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

০৫. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে সহকারী পরিচালক(রিপোর্টিং) পদের জন্য মূল আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, চাকরিরত প্রার্থীর নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) এপ্লিকেন্টস কপি, প্রবেশপত্রের কপি অবশ্যই জমা দিতে হবে। প্রত্যেক ডকুমেন্ট-এর উপর রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে এবং ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পূরণকৃত বিপিএসসি ফরম-৩ আগামী ০৮.০৭.২০১৮ তারিখ থেকে ১২.০৭.২০১৮ তারিখের মধ্যে প্রতি কর্মদিবসে সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-এ পরিচালক, ইউনিট-১১ এর নিকট অফিস চলাকালীন সময় হাতে হাতে অথবা ডাকযোগে জমা প্রদান করতে হবে। ডাকযোগে প্রেরিত আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে না পাওয়া গেলে/বিপিএসসি ফরম-৩ জমা দিতে ব্যর্থ হলে প্রার্থীর মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ থাকবে না এবং এ জাতীয় প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে বিবেচিত হবে।

০৬. প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বর্ণিত কোনো শর্তে গুরুতর (substantive) ত্রুটি বা ঘাটতি পাওয়া গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে। এমনকি, সার্ভিসে নিয়োগের পর উক্তরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যেকোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

**** পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রকৃতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন ;
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**


[আ. ই. ম নেহার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)